

এসএফডি সার্কুলার লেটার নং: ০২

সেপ্টেম্বর ১০, ২০১৫  
তারিখ: -----  
ভাদ্র ২৬, ১৪২২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

**নবায়নযোগ্য জ্বালানি ও পরিবেশবান্ধব অর্থায়নযোগ্য খাতে পুনঃঅর্থায়ন (Refinance) স্কিম।**

শিরোনামোক্ত বিষয়ে জিবিসিএসআরডি সার্কুলার নং: ০২, তারিখ জুলাই ০১, ২০১৩, জিবিসিএসআরডি সার্কুলার লেটার নং: ০১, তারিখ মে ২০, ২০১৪, জিবিসিএসআরডি সার্কুলার লেটার নং: ০২, তারিখ আগস্ট ১৮, ২০১৪ এবং জিবিসিএসআরডি সার্কুলার নং: ০৬, তারিখ অক্টোবর ১২, ২০১৪ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

বর্ণিত সার্কুলার ও সার্কুলার লেটার এর আওতায় 'নবায়নযোগ্য জ্বালানি ও পরিবেশবান্ধব অর্থায়নযোগ্য খাতে পুনঃঅর্থায়ন স্কিম' এর নীতিমালায় ৯টি খাতে মোট ৪৭টি প্রোডাক্টে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হচ্ছে। "কারখানায় কর্মরতদের কর্মপরিবেশ এবং নিরাপত্তা নিশ্চিতকরণ" খাতে Bangladesh Finished Leather, Leather Goods and Footwear Exporter's Association (BFLLFEA) এর সদস্যভুক্ত শিল্প প্রতিষ্ঠান যাদের নিজস্ব কারখানা রয়েছে তাদেরকেও কারখানার নিরাপদ কর্মপরিবেশ তথা অগ্নিনির্বাপক সামগ্রী, অগ্নি প্রতিরক্ষামূলক সামগ্রী, ছাদ এবং ভূগর্ভে প্রয়োজনীয় সংখ্যক পাম্পসহ পানি সংরক্ষণাগার নির্মাণ ইত্যাদিসহ এতদুদ্দেশ্যে সংস্কার, পুনর্গঠন, প্রতিস্থাপন কাজের জন্য পুনঃঅর্থায়ন স্কিমে অন্তর্ভুক্ত করা হলো।

২। অন্যান্য সকল ক্ষেত্রে জিবিসিএসআরডি সার্কুলার নং: ০২/২০১৩ ও জিবিসিএসআরডি সার্কুলার লেটার নং : ০২/২০১৪ এ বর্ণিত নির্দেশনাবলী প্রযোজ্য হবে। শরিয়াহ ভিত্তিক ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের জন্য নবায়নযোগ্য জ্বালানি ও পরিবেশবান্ধব উদ্যোগ অর্থায়নের নিমিত্ত জারিকৃত জিবিসিএসআরডি সার্কুলার নং: ০৬/২০১৪ এ উক্ত অন্তর্ভুক্তির বিষয়টি কার্যকরী মর্মে গণ্য হবে।

৩। বাংলাদেশ ব্যাংকের সাথে Participating Financial Institution (PFI) সমূহের ইতোমধ্যে সম্পাদিত অংশগ্রহণ চুক্তিপত্রে (Participation Agreement) বর্ণিত অন্তর্ভুক্তির বিষয়টি সংযোজিত হয়েছে বলে গণ্য হবে।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,



(মনোজ কুমার বিশ্বাস)

মহাব্যবস্থাপক

ফোন-৯৫৩০৩২০

ফ্যাক্স- ৯৫৩০৩২৭

ই-মেইল : [manoj.biswas@bb.org.bd](mailto:manoj.biswas@bb.org.bd)  
[gm.sfd@bb.org.bd](mailto:gm.sfd@bb.org.bd)